

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

বিভিন্ন অপরাধে ৪৬টি প্রতিষ্ঠানকে ২.১৭ লক্ষ টাকা জরিমানা

১৬ আগস্ট ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ১৪ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, বরিশাল, মুন্সীগঞ্জ, ফেনী, মাগুরা, লক্ষ্মীপুর, টাঙ্গাইল, নরসিংদী, যশোর, ব্রাহ্মণবাড়ীয়া, গোপালগঞ্জ ও রাজবাড়ীতে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর কলাবাগান এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে AST Super Shop কে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা ও শেরেবাংলা নগর থানা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে নিত্যপণ্যকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে ইসলামিয়া সুইটসকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে আজমিরি হোটেলকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে শাহ চন্দ্রপুরী হোটেল এন্ড রেস্টুরেন্টকে ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ মোট ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমী রাণী মিত্রের নেতৃত্বে বরিশাল সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ২,০০০/- (দুই হাজার) টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ান নেতৃত্বে বরিশাল সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা, মুন্সীগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে মুন্সীগঞ্জের টঙ্গীবাড়ী উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জয়াস চাকমার নেতৃত্বে ফেনী সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত) টাকা, মাগুরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে মাগুরার শ্রীপুর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১১,০০০/- (এগার হাজার) টাকা, লক্ষ্মীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে লক্ষ্মীপুরের রামগঞ্জ উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাগফুর রহমানের নেতৃত্বে টাঙ্গাইলের ধনবাড়ী উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকা, নরসিংদী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ রায়হান কুদ্দুসের নেতৃত্বে নরসিংদী সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোরের কেশবপুর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আছাদুল ইসলামের নেতৃত্বে ব্রাহ্মণবাড়ীয়ার বাঞ্ছারামপুর উপজেলায় ৮টি প্রতিষ্ঠানকে ১২,০০০/- (বার হাজার) টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জের মকসুদপুর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ী সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকাসহ মোট ৯৭,০০০/- (সাতানব্বই হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ওজনে কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১৪টি বাজার তদারকির মাধ্যমে ৪৬টি প্রতিষ্ঠানকে মোট ২,১৭,০০০/- (দুই লক্ষ সত্তর হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটোরী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি, ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-

(আফরোজা রহমান)

সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, বরিশাল, মুন্সীগঞ্জ, ফেনী, মাগুরা, লক্ষ্মীপুর, টাঙ্গাইল, নরসিংদী, যশোর, ব্রাহ্মণবাড়ীয়া, গোপালগঞ্জ ও রাজবাড়ী।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, বরিশাল, মুন্সীগঞ্জ, ফেনী, মাগুরা, লক্ষ্মীপুর, টাঙ্গাইল, নরসিংদী, যশোর, ব্রাহ্মণবাড়ীয়া, গোপালগঞ্জ ও রাজবাড়ী।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।